# জাতীয় কৃষি আবহাওয়া পরামর্শ সেবা বুলেটিন

**১২ জুন** ২০১৯ (**বুধবার**)

[**সময়কালঃ ১২.০৬.২০১৯–১৬.০৬.২০১৯**]



**ডিসক্লেইমার**

কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্পের আওতায় পরীক্ষামুলকভাবে জাতীয় পর্যায়ে এবং ৬৪ টি জেলায় প্রেরণের লক্ষ্যে কৃষি আবহাওয়া সংক্রান্ত পরামর্শ সেবা সম্বলিত বুলেটিন তৈরী করা হয়েছে। সংশ্লিষ্ট সকলের মূল্যবান মতামত ও পরামর্শের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করা হলো।

যোগাযোগের ঠিকানাঃ ফারহানা হক, সবুজ রায়
**ই-মেইলঃ** pdamisdp@dae.gov.bd
**ফোনঃ** ০২-৫৫০২৮৪১৪, ০২-৫৫০২৮৪১৮

# মূখ্য কৃষি আবহাওয়া বিষয়ক পরামর্শ

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী লঘুচাপের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ থেকে উত্তরপূর্ব বঙ্গোপসাগরে অবস্থান করছে। দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ু টেকনাফ উপকুল থেকে চট্টগ্রাম উপকুল পর্যন্ত অগ্রসর হয়েছে। রংপুর, ময়মনসিংহ, ঢাকা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের দু'একটি জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝোড়ো হাওয়াসহ বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। দেশের কোথাও কোথাও আকাশ অংশিক মেঘলা থাকতে পারে। আবহাওয়া অধিদপ্তরের পূর্বাভাস অনুযায়ী বান্দরবান, ব্রাহ্মণবাড়িয়া, চট্টগ্রাম, কক্সবাজার, কুমিল্লা, ফেনী, জামালপুর, হবিগঞ্জ, খাগড়াছড়ি, কুড়িগ্রাম, মৌলভীবাজার, নেত্রকোনা, পটুয়াখালী, রাঙামাটি, সুনামগঞ্জ এবং সিলেট জেলায় আগামী পাঁচ দিনে মাঝারি থেকে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে, এছাড়াও রাজশাহী, খুলনা, সাতক্ষীরা, যশোর ও সিলেট অঞ্চলের ওপর দিয়ে মৃদু তাপপ্রবাহ বয়ে যাচ্ছে এবং এটি অব্যাহত থাকতে পারে। বিগত কয়েকদিনের উপলব্ধ আবহাওয়া এবং আগামী কয়েকদিনের আবহাওয়ার পূর্বভাস এর ওপর ভিত্তি করে, বৃষ্টি হতে পারে এবং তাপমাত্রা তুলনামূলকভাবে বেশি থাকার সম্ভাবনা রয়েছে এমন জেলাগুলোর জন্য নিম্নলিখিত পরামর্শসমূহ প্রদান করা হলো।

**ধান**

খরিফ মৌসুমের জন্য আমন ধানের বীজতলা তৈরি শুরু করুন।

**আউশ ধান**

বীজতলার চারা হলুদাভ হয়ে আসলে বৃষ্টিপাতের পর প্রতি বর্গমিটারে ৭ গ্রাম ইউরিয়া প্রয়োগ করতে হবে।

চারা সবুজ না হলে বৃষ্টিপাতের পর প্রতি বর্গমিটারে ১০ গ্রাম জিপসাম প্রয়োগ করতে হবে।

বৃষ্টিপাতের পর হাত দিয়ে আগাছা তুলে ফেলতে হবে।

যদি থ্রিপস ও সবুজ পাতা ফড়িং এর সংখ্যা ২৫% এর বেশী হয় তাহলে বৃষ্টিপাতের পর ১ লিটার পানিতে ১ মিলি হারে ম্যালাথিয়ন গ্রুপের বালাইনাশক প্রয়োগ করতে হবে।

চারা রোপণের উপযোগী হলে রোপণ করার এটাই উপযুক্ত সময় কারণ আগামী কয়েকদিনে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে এবং মৌসুমী বায়ুর আগমন ঘটবে।

**সবজি**

- সেচ প্রদান থেকে বিরত থাকুন এবং জমি থেকে অতিরিক্ত পানি সরিয়ে ফেলুন।
- ঢেঁড়শ এর মাইট দমনের জন্য প্রতি লিটার পানিতে ১.৫-২ মিলি ইথিয়ন শিশিয়ে স্প্রে করতে হবে।

**পাট**

বৃষ্টিপাতের পর আগাছা নিধন করুন।

আগাম বপনকৃত পাটের জমিতে পাতলাকরণ কার্যক্রম চালিয়ে যেতে হবে।

বিছা পোকার আক্রমণ দেখা দিলে -

- ডিম সংগ্রহ করে ধ্বংস করে ফেলতে হবে
- আলোর ফাঁদ ব্যবহার করতে হবে
- প্রতি লিটার পানিতে ১ মিলি হারে ইমিডাক্লোরোপিড/ক্লোরোসাইরিন/নাইট্রো মিশিয়ে স্প্রে করতে হবে

সেমিলুপার আক্রমণ করলে প্রতি লিটার পানিতে ১ মিলি হারে ইমিডাক্লোরোপিড/ক্লোরোসাইরিন/নাইট্রো মিশিয়ে স্প্রে করতে হবে

বৃষ্টিপাতের পর কীটনাশক প্রয়োগ করতে হবে।

**আম**

দমকা হাওয়ায় গাছের ডাল ভেঙে যেতে পারে। এটি ঠেকানোর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। ফলের মাছি পোকার আক্রমণ দেখা দিলে বৃষ্টিপাতের পর প্রতি লিটার পানিতে ১ মিলি মিথাইল ইউজেনল ও ১ মিলি ম্যালাথিয়ন ৫০ ইসি মিশিয় ফাঁদ তৈরি করতে হবে। একটি ফাঁদে ১০০ মিলি মিশ্রণ ও এক হেক্টর জমিতে ১০ টি ফাঁদ রাখতে হবে। পরিপক্ক ফল সংগ্রহ করুন।

**কলা**

প্রস্বেদনের হার কমানোর জন্য গাছের শুকনো ও হলদে হয়ে যাওয়া পাতা কেটে ফেলতে হবে। দমকা হাওয়া থেকে বাঁচানোর জন্য প্রতিরোধের ব্যবস্থা করতে হবে।

**গবাদি পশু**

গবাদি পশুর স্বাস্থ্য সুরক্ষায় খাবারের সাথে প্রতিদিন ৫০গ্রাম আয়োডিনযুক্ত লবন এবং ৫০ থেকে ১০০ গ্রাম মিনারেল মিক্সচার মিশিয়ে দিন।
গবাদি পশুকে পর্যাপ্ত পানি পান করাতে হবে।

**হাঁসমুরগী**

- খুব সকালে এবং শেষ বিকেলে খাবার খাওয়াতে হবে
- শেডে যথাযথ বায়ু চলাচল ও সীমিত সংখ্যক হাঁসমুরগীর বিচরণ নিশ্চিত করতে হবে
- খাঁচা ঠান্ডা রাখতে চটের ব্যাগ দিয়ে ঢেকে দিতে হবে এবং পানি ছিটিয়ে দিতে হবে।

**মাছ**

পুকুরে অক্সিজেনের স্বল্পতা দেখা দিতে পারে, পানির সমতল বৃদ্ধি করতে হবে এবং খাবার কম দিতে হবে। পুকুরে পানি ভরার জন্য শুধুমাত্র বৃষ্টির ওপরে নির্ভর করা যাবে না। পানির গভীরতা কম হলে মাছ তুলে ফেলতে হবে।

****** জেলা পর্যায়ের বিস্তারিত কৃষি আবহাওয়া বুলেটিন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ওয়েবসাইট এ পাওয়া যাবে।

# দেশের বিভিন্ন এলাকার আবহাওয়া পরিস্থিতি

**গত ২৪ ঘন্টায় বৃষ্টিপাতের পরিমান (১২ জুন, ২০১৯, সকাল ০৬টা পর্যন্ত) এবং ১১ জুন, ২০১৯ এ সর্বোচ্চ তাপমাত্রা, ১২ জুন, ২০১৯ এ সর্বোনিম্ন তাপমাত্রা নিচে দেওয়া হলোঃ**

| বিভাগের নাম | পর্যবেক্ষণা-গারের নাম | বৃষ্টিপাতের পরিমাণ (মি: মি:) | সর্ব্বোচ্চ তাপমাত্রা | সর্বনিম্ন তাপমাত্রা | বিভাগের নাম | পর্যবেক্ষণা-গারের নাম | বৃষ্টিপাতের পরিমাণ (মি: মি:) | সর্ব্বোচ্চ তাপমাত্রা | সর্বনিম্ন তাপমাত্রা |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ঢাকা | ঢাকা | ০০ | ৩৬.১ | ২৭.৮ | রাজশাহী | রাজশাহী | ০০ | ৩৬.৩ | ২৫.০ |
| | টাঙ্গাইল | ০৫ | ৩৫.৫ | ২২.২ | | ঈশ্বরদী | ০০ | ৩৬.০ | ২৪.২ |
| | ফরিদপুর | ০০ | ৩৬.০ | ২৬.২ | | বগুড়া | ০০ | ৩৪.১ | ২৫.০ |
| | মাদারীপুর | ০০ | ৩৬.৫ | ২৬.৮ | | বদলগাছী | ০০ | ৩৩.৮ | ২৪.০ |
| | গোপালগঞ্জ | ০০ | ৩৫.৮ | ২৭.১ | | তাড়াশ | ০০ | ৩৩.০ | ২৫.৩ |
| | নিকলি | ০০ | ৩৪.৪ | ২৫.৮ | | | | | |
| | | | | | রংপুর | রংপুর | ০১ | ৩২.০ | ২৩.৬ |
| ময়মনসিংহ | ময়মনসিংহ | ০০ | ৩৪.২ | ২৪.৮ | | দিনাজপুর | ০৩ | ৩৩.০ | ২৪.৫ |
| | নেত্রকোনা | ০৯ | ৩৩.২ | ২৩.০ | | সৈয়দপুর | ০০ | ৩২.২ | ২৪.৩ |
| | | | | | | তেঁতুলিয়া | ০০ | ৩১.০ | ২৩.৭ |
| চট্টগ্রাম | চট্টগ্রাম | ০০ | ৩৪.৬ | ২৮.০ | | ডিমলা | **১৮** | ৩০.৬ | ২৫.০ |
| | সন্দ্বীপ | ০০ | ৩৪.৬ | ২৬.৫ | | রাজারহাট | সামান্য | ৩১.০ | ২৫.০ |
| | সীতাকুন্ড | ০০ | ৩৫.৫ | ২৬.০ | | | | | |
| | রাঙ্গামাটি | ০০ | ৩৬.৩ | ২৬.০ | খুলনা | খুলনা | সামান্য | ৩৮.০ | ২৬.৫ |
| | কুমিল্লা | ০০ | ৩৫.০ | ২৭.৪ | | মংলা | ০০ | ৩৬.৬ | ২৭.৬ |
| | চাঁদপুর | ০০ | ৩৬.২ | ২৭.৩ | | সাতক্ষীরা | ০২ | ৩৭.৬ | ২৫.৪ |
| | মাইজদীকোর্ট | ০০ | ৩৬.২ | ২৭.৪ | | যশোর | ০৬ | ৩৮.০ | ২৩.৪ |
| | ফেনী | ০০ | ৩৫.৭ | ২৬.৮ | | চুয়াডাঙ্গা | ০১ | ৩৭.৭ | ২৪.৫ |
| | হাতিয়া | ০০ | ৩৫.৫ | ২৬.৫ | | কুমারখালী | ০০ | ৩৬.৪ | ২৬.৪ |
| | কক্সবাজার | ০০ | ৩৫.০ | ২৮.০ | | | | | |
| | কুতুবদিয়া | ০০ | ৩৪.২ | ২৮.০ | বরিশাল | বরিশাল | ০০ | ৩৬.৪ | ২৬.৫ |
| | টেকনাফ | ০০ | ৩৪.১ | ২৭.০ | | পটুয়াখালী | ০০ | ৩৬.১ | ২৭.৩ |
| | | | | | | খেপুপাড়া | ০০ | ৩৫.৫ | ২৭.৪ |
| সিলেট | সিলেট | ০০ | ৩৪.৫ | ২৩.১ | | ভোলা | ০০ | ৩৫.৯ | ২৭.৪ |
| | শ্রীমঙ্গল | ০০ | ৩৫.০ | ২৫.৫ | | | | | |

প্রধান বৈশিষ্ট্য সমূহঃ-:

- গত সপ্তাহে দেশের দৈনিক উজ্জ্বল সূর্যকিরণ কালের গড় ৪.১১ ঘন্টা ছিল ।
- গত সপ্তাহে দেশের দৈনিক বাষ্পীভবনের গড় ৩.৩৪ মিঃ মিঃ ছিল।


**সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ**


পূর্বাভাসঃ রংপুর, ময়মনসিংহ, ঢাকা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে । এছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া শুষ্ক থাকতে পারে।


তাপপ্রবাহ: রাজশাহী, খুলনা, মংলা, সাতক্ষীরা, যশোর ও সিলেট অঞ্চল সমূহের উপর দিয়ে মৃদু তাপপ্রবাহ বয়ে যাচ্ছে এবং তা অব্যাহত থাকতে পারে।


তাপমাত্রাঃ সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে।


## সপ্তাহের শেষে (১১ জুন, ২০১৯ পর্যন্ত) তাপমাত্রার স্থানিক বন্টন





Minimum Temperature (°C)
23 24 25 26 27 (°C)
Anomaly Minimum Temperature (°C)
-3 -2 -1 0 1 2 (°C)
Diurnal Temperature (°C)
5 6 7 8 9 10 (°C)
Anomaly Diurnal Temperature (°C)
-2 -1 0 1 2 (°C)


Maximum Humidity
(%)
(%)
85 88 91 94 97 100


Minimum Humidity
(%)
(%)
50 60 70 80 90


Wind Speed
(knots)
(knots)
0 1 2 3 4 5


Cloud Amount
(Octa)
(Octa)
3 4 5 6 7


# আবহাওয়া পূর্বাভাস


**আবহাওয়া পূর্বাভাস (০৯/০৬/২০১৯ হতে ১৫/০৬/২০১৯ তারিখ পর্যন্ত): এ সপ্তাহে দিনের ৫.০০-৬.০০ ঘন্টা রৌদ্রজ্জ্বল আবহাওয়া বিরাজ করবে এবং প্রতিদিন গড়ে ৩.৫০ হতে ৪.৫০ মিমি পানির ঘাটতি হতে পারে ।**


- ঢাকা, ময়মনসিংহ, সিলেট ও চটধ্গ্রাম বিভাগের অনেক হ্থানে এবং খুলনা, রাজশাহী, রংপুর ও বরিশাল বিভাগের কিছু কিছু হ্থানে হাল্কা (০৪-১০ মি. মি./প্রতিদিন) থেকে মাঝারি ধরণের (১১-২২ মি. মি./প্রতিদিন) বৃষ্টি/বজধবৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারি ধরণের ভারী (২৩-৪৩ মি. মি./প্রতিদিন) বর্ষণ হতে পারে।


- এ সময়ে সারাদেশের দিন এবং রাতের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে।

## আগামী ৫ দিনের জেলাওয়ারী পরিমানগত আবহাওয়া পূর্বাভাস (১২জুন হতে ১৬ জুন পর্যন্ত)








Minimum Temperature
(°C)
25 26 27 28 29 30 (°C)
Diurnal Temperature
(°C)
4 6 8 10 12 (°C)
Maximum Humidity
(%)
65 70 75 80 85 90 95 (%)
Minimum Humidity
(%)
40 50 60 70 80 90 (%)





## বাংলাদেশের উপর বিভিন্ন উপগ্রহ **থেকে প্রাপ্ত তথ্যঃ**


NOAA/VIIRS BLENDED NDVI composite for the week number No. 22 (28 May -3 June) over Agricultural regions of Bangladesh





NOAA/ AVHRR BLENDED VCI composite for the week number No. 22 (28 May -3 June) over Agricultural regions of Bangladesh



NOAA/ AVHRR BLENDED TCI composite for the week number No. 22 (28 May -3 June) over Agricultural regions of Bangladesh






NOAA/ AVHRR BLENDED VHI composite for the week number No. 22 (28 May -3 June) over Agricultural regions of Bangladesh




Monitoring Meteorological Drought in Bangladesh using Standardized Precipitation Index (SPI)

গত তিন মাসে ও এপ্রিল এ বাংলাদেশের দক্ষিণ-পশ্চিম, উত্তর-পশ্চিম এবং কেন্দ্রীয় অংশগুলির কিছু জেলা স্বাভাবিক অবস্থা বিদ্যমান ছিল। অপর পক্ষে, দক্ষিণ, দক্ষিণ-পূর্ব, উত্তর-পূর্ব প্রায় কেন্দ্রীয় অংশগুলির কয়েকটি জেলা শুষ্ক অবস্থায় ছিল।




Source: বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর

## হাওর অঞ্চলে ফ্ল্যাশ ফ্লাড মনিটরিং (উ: বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড)
## ১২জুন ২০১৯ তারিখে নদীর অবস্থা

### **এক নজরে নদ-নদীর পরিস্থিতি**

- ব্রহ্মপুত্র-যমুনা নদীর পানি সমতল স্থিতিশীল আছে যা আগামী ২৪ ঘণ্টায় বৃদ্ধি পেতে পারে ।
- গঙ্গা নদীর পানির সমতল বৃদ্ধি পাচ্ছে যা আগামী ২৪ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে, অপরদিকে পদ্মা নদীর পান সমতল আগামী ২৪ ঘণ্টা পর্যন্ত স্থিতিশীল থাকতে পারে।
- আগামী ২৪ ঘন্টায় সুরমা-কুশিয়ারা সহ দেশের উত্তর-পূর্বাঞ্চলের প্রধান নদ-নদীসমূহের পানি সমতল হ্রাস অব্যাহত থাকতে পারে।
- দেশের সকল প্রধান নদ-নদীসমূহের পানি সমতল বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে।

**নদ-নদীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত)**

| | | | |
|---|---|---|---|
| পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন | ৯৪ | গেজ স্টেশন বন্ধ আছে (গোয়াইন ঘাট) | ০১ |
| বৃদ্ধি | ৩৩ | গেজ পাঠ আরম্ভ হয়নি (জাগির) | ০১ |
| হ্রাস | ৫৫ | গেজ পাঠ পাওয়া যায়নি | ০০ |
| অপরিবর্তিত | ০৪ | মোট তথ্য পাওয়া যায়নি | ০২ |
| | | **বিপদসীমার উপরে** | **০০** |